



WorkOrder

বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানী)
BARAPUKURIA COAL MINING COMPANY LIMITED.
(A COMPANY OF PETROBANGLA)

সূত্র নং বিসিএমসিএল/৫৩১/০৯/২৬০৫

তারিখঃ ১৬-০২-২০১৬ খ্রিঃ।

মানিক ট্রেডার্স
মধ্য-গৌরীপাড়া, ফুলবাড়ী
দিনাজপুর।

বিষয়ঃ বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড-এর সকল প্রকার দরপত্রে অংশ গ্রহণ হতে আগামী ০৫ (পাঁচ) বছরের জন্য অযোগ্য ঘোষণা প্রসঙ্গে।

জনাব,

বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড-এর কাজের স্বার্থে “দশটি বাথরুম ও টয়লেট নির্মাণসহ দশরুমের দুইটি ব্লক মেরামত” শীর্ষক কাজটি সম্পাদনের জন্য আহবানকৃত দরপত্র বিজ্ঞপ্তি নং বিসিএমসিএল/১১/০৯/২৫৫২, তারিখঃ ০৭/০৯/২০১৪ ইং এর প্রেক্ষিতে আপনাদের প্রতিষ্ঠান “মানিক ট্রেডার্স, মধ্য-গৌরীপাড়া, ফুলবাড়ী, দিনাজপুর” অংশ গ্রহণ করে। দরপত্রের সহিত চাহিদা মোতাবেক সংযুক্ত কাপজ-পত্রাদি ভেরিফিকেশন করার জন্য পত্র সূত্র নং: বিসিএমসিএল/ ০৫/১৬১/১৫৬৪, তারিখঃ ১২/১০/২০১৫ ইং মারফত সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, দিনাজপুরে প্রেরণ করা হয়। নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, দিনাজপুর সংশ্লিষ্ট পত্র মারফত জানা যায় যে, উক্ত অভিজ্ঞতার সনদটি সঠিক নাই। অভিজ্ঞতার সনদটি জাল প্রমাণিত হওয়ায় মূল্যায়ন কমিটি আপনাদের প্রতিষ্ঠানের বিরুদ্ধে পিপিআর অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সুপারিশ করে। উক্ত সুপারিশের প্রেক্ষিতে যথাযথ কর্তৃপক্ষ আপনাদের প্রতিষ্ঠানের বিরুদ্ধে পিপিআর ২০০৮ এর ১২৭ অনুচ্ছেদ মোতাবেক ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করে। সে মোতাবেক পত্র সূত্র নং: বিসিএমসিএল/৫৩১/০৯/২৭৪৬, তারিখঃ ০১/১২/২০১৫ ইং এর মাধ্যমে দরপত্র দলিলের GCC-17.2 এবং পিপিআর-২০০৮ এর ১২৭ অনুচ্ছেদ অনুযায়ী আপনাদেরকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। জবাবে আপনারা গত ১৫/১২/২০১৫ ইং তারিখে পত্রের মাধ্যমে আপনাদের অনিচ্ছাকৃত ভুল স্বীকার করেন।

আপনাদের জবাব কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক বিবেচিত হয়নি। ফলে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে আপনাদের প্রতিষ্ঠান “মানিক ট্রেডার্স, মধ্য-গৌরীপাড়া, ফুলবাড়ী, দিনাজপুর”-কে পিপিআর ২০০৮ এর বিধি ১২৭ (৪) (গ) অনুযায়ী বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড-এর সকল প্রকার দরপত্রে অংশগ্রহণ থেকে আগামী ০৫ (পাঁচ) বৎসরের জন্য অযোগ্য ঘোষণা করা হলো।

(এ.টি.এম নূর-উজ-জামান চৌধুরী)
মহাব্যবস্থাপক (সারফেস অপারেশন)
বিসিএমসিএল, দিনাজপুর।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হল-

- ১) ব্যবস্থাপনা পরিচালক, বিসিএমসিএল, দিনাজপুর।
- ২) মহা পরিচালক, সি, পি, টি, ইউ। আই, এম, ই, ডি; বক নং -১২ (২য় তলা শের-ই বাংলা নগর ঢাকা)। সি, পি, টি, ইউ এর ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হল।

অনুলিপিঃ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল-

- ১) মহাব্যবস্থাপক (প্রশাসন), বিসিএমসিএল, দিনাজপুর।
- ২) মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব), বিসিএমসিএল, দিনাজপুর।
- ৩) মহাব্যবস্থাপক (মাইন অপারেশন), বিসিএমসিএল, দিনাজপুর।
- ৪) মহাব্যবস্থাপক/কোম্পানী সচিব, লিয়াজোঁ অফিস, ঢাকা।
- ৫) মহাব্যবস্থাপক (প্রানিং এন্ড এনভায়রনমেন্ট/ক্রয়), বিসিএমসিএল, দিনাজপুর।
- ৬) উপ মহাব্যবস্থাপক (তড়িৎ), বিসিএমসিএল, কোম্পানীর ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হল।
- ৭) অফিস কপি।